



চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরী:	শিক্ষার্থী	নম্বর:	A-663
বিষয়:	অনুবাদ	পৃষ্ঠা:	১ এর ১
		ইস্যুর তারিখ:	11/2/07

পরিবর্তনসমূহের সারসংক্ষেপ

পরিবর্তনসমূহ:

এই প্রবিধান হালনাগাদ করা হয়েছে:

- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের বর্তমান গঠনকাঠামোকে তুলে ধরতে এবং
- ইংরেজি এবং অনুবাদকৃত ভাষায় “পিতামাতার অধিকার এবং দায়িত্ব”-এর ওয়েবসাইটের ঠিকানা এবং দোভাষী পরিষেবা লাভের যে সুবিধা আছে, সে সম্পর্কিত নির্দেশনার অন্তর্ভুক্তিকরণে।



চ্যাম্পেলরের প্রবিধান

ক্যাটেগরী:	<u>শিক্ষার্থী</u>	নম্বর:	A-663
বিষয়:	<u>অনুবাদ</u>	পৃষ্ঠা:	৪ এর ১
		ইস্যুর তারিখ:	11/2/07

সারসংক্ষেপ

এই প্রবিধান চ্যাম্পেলরের জুন ৭, ২০০৬ সালের প্রবিধান A-663 -কে স্থলাভিষিক্ত করে। এটি ইংরেজি বলতে সীমিত ক্ষমতাসম্পন্ন পিতামাতাকে* সন্তানের লেখাপড়ার গুরুত্বপূর্ণ কর্মসূচিতে অংশগ্রহণ ও পরিষেবা লাভ করা এবং সেগুলোর সুযোগ নেয়ার একটি অর্থপূর্ণ সুযোগ নিশ্চিত করার নিয়ম প্রতিষ্ঠা করে।

I. সংজ্ঞা

এই প্রবিধানের উদ্দেশ্য:

- অন্তর্ভুক্ত ভাষা বলতে বুঝায় ইংরেজি ছাড়া নিউ ইয়র্ক সিটির অধিবাসীদের সাধারণভাবে ব্যবহৃত প্রধান আটটি প্রাথমিক ভাষা যা ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিপার্টমেন্ট) কর্তৃক শনাক্ত করা হয়েছে।
- প্রাথমিক ভাষা বলতে বুঝায় যে ভাষাটি কোন শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবকের প্রাথমিক কথ্য ভাষা বলে ডিপার্টমেন্ট নিশ্চিত হয়েছে।
- দোভাষণ বলতে বোঝায় তাৎক্ষণিকভাবে একজন ইংরেজি ভাষী এবং অন্তর্ভুক্ত একটি ভাষায় কথা বলা ব্যক্তির মধ্যে কথোপকথন, যেখানে একজনের কথা অন্যজনকে অন্য ভাষায় মৌখিকভাবে বুঝিয়ে বলা হয়।
- অনুবাদ বলতে বোঝায় একজন ইংরেজিভাষী এবং অন্তর্ভুক্ত ভাষায় কথা বলা একজন ব্যক্তির মধ্যে লিখিত বার্তা বিনিময়, যেখানে একজনের ভাষায় লেখা অন্যদেরকে অন্য ভাষায় লিখিতভাবে বুঝিয়ে দেয়া হয়।
- ভাষাগত সহায়তা পরিষেবা বলতে বুঝায় দোভাষিত্ব এবং/অথবা ইংরেজি ও অন্তর্ভুক্ত ভাষাগুলোর কোন একটি ভাষায় অনুবাদ করা।

II. প্রাথমিক ভাষা শনাক্তকরণ

- স্কুলগুলোকে অবশ্যই একজন শিক্ষার্থীর ভর্তি হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে (অথবা ইতোমধ্যে ভর্তি হওয়া শিক্ষার্থীদের জন্য অফিস অব টিচিং অ্যান্ড লার্নিং কর্তৃক নির্ধারিত তারিখ ও প্রক্রিয়া অনুযায়ী) প্রত্যেক শিক্ষার্থীর পিতামাতার প্রাথমিক কথ্য ভাষা কী, এবং যদি সে ভাষা ইংরেজি না হয়, তাহলে ডিপার্টমেন্টের সঙ্গে পিতামাতার কার্যকর যোগাযোগ স্থাপনের ক্ষেত্রে ভাষা সহায়তার প্রয়োজন আছে কি না, সেটা নিশ্চিত হতে হবে।
- স্কুল প্রত্যেক পিতামাতার প্রাথমিক ভাষা সম্পর্কে যথার্থ এবং হালনাগাদ তথ্য নথিভুক্ত রাখবে। এ তথ্য অবশ্যই স্কুলের তথ্য ব্যবস্থা (এ.টি.এস., ATS) এবং শিক্ষার্থীর জরুরি তথ্যের কার্ডে সন্নিবেশিত করতে হবে।

III. ভাষা সহায়তা পরিষেবা প্রদানের বাধ্যবাধকতা

- ডিপার্টমেন্টের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনে যেসব পিতামাতার ভাষা সহায়তা প্রয়োজন, প্রত্যেক স্কুল এবং অফিস, এই প্রবিধানের সাথে সজ্ঞাতিবিধান করে, তাদের অনুবাদ ও দোভাষণ পরিষেবা দেবে।

* “পিতামাতা” এই পদটি যখনই এই প্রবিধানে ব্যবহৃত হয়, তখন তার দ্বারা শিক্ষার্থীর পিতামাতা(গণ) অথবা অভিভাবক(গণ) অথবা অন্য কোনো ব্যক্তি(গণ)-কে বোঝানো হয়, যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসুলভ অথবা তত্ত্বাবধায়কসুলভ সম্পর্ক রয়েছে, অথবা সে একজন আইন অনুযায়ী স্বাবলম্বী অপ্রাপ্ত বয়সী ব্যক্তি অথবা তার বয়স ১৮ বছর পূর্ণ হয়েছে।



চ্যাম্পেলরের প্রবিধান

ক্যাটেগরী:	<u>শিক্ষার্থী</u>	নম্বর:	A-663
বিষয়:	<u>অনুবাদ</u>	পৃষ্ঠা:	৪ এর ২
		ইস্যুর তারিখ:	11/2/07

- B. ডিপার্টমেন্ট এই প্রবিধানে বর্ণিত ক্ষেত্রসমূহের বাইরেও অনুবাদ ও দোভাষ পরিষেবা প্রদান করতে পারে।
C. পিতামাতা, যদি মনে করেন, কোন প্রাপ্তবয়স্কের বা আত্মীয়ের উপর অনুবাদ ও দোভাষ পরিষেবার জন্য নির্ভর করতে পারেন।

IV. স্কুলভিত্তিক ভাষা সহায়তা মূল্যায়ন

- A. সামগ্রিক শিক্ষা পরিকল্পনার অঙ্গ হিসাবে প্রত্যেকটি স্কুল অবশ্যই যে বিষয়গুলির প্রতিবিধান করবে, তা হলো:
- এই প্রতিবিধানের সাথে সঙ্গতিপূর্ণ ভাষা সহায়তা প্রদান, যার মধ্যে রয়েছে:
 - বিদ্যমান সহায়সঙ্গতি অথবা অনুবাদ ও দোভাষ শাখার মাধ্যমে যথাসময়ে অনূদিত নথিপত্র সরবরাহ করা;
 - সন্তানের শিক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য জানতে ডিপার্টমেন্টের সাথে পিতামাতার যোগাযোগ করার সময়ে যখন প্রয়োজন হবে তখন অনুরোধসাপেক্ষে সময়মত দলীয়ভাবে বা আলাদাভাবে বৈঠক দোভাষ পরিষেবা প্রদানের ব্যবস্থা রাখা।
 - কীভাবে সেসব প্রয়োজন মেটাতে তা নিশ্চিত করা;
 - সেসব প্রয়োজন মেটাতে উপকরণের ব্যবস্থা করা;
 - নিচে বর্ণিত অষ্টম ধারা (VII) অনুসারে বিজ্ঞপ্তি প্রদানের শর্ত পালন করা।

V. অনুবাদের প্রয়োজনীয় শর্তসমূহ

- A. কেন্দ্রীয়ভাবে তৈরি জরুরি বিজ্ঞপ্তি
- কেন্দ্রীয় অফিসগুলো সেসব নথি চিহ্নিত করবে যেগুলো সিটিতে সবার অথবা উল্লেখযোগ্য সংখ্যক পিতামাতার কাছে বিল করা অথবা ইলেকট্রনিক মাধ্যমে তাদের সন্তানের শিক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য অবহিত করা হয়ে থাকে, যার মধ্যে নিচে উল্লিখিতগুলো অন্তর্ভুক্ত রয়েছে, কিন্তু তা কেবল এর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, :
 - নিবন্ধন, আবেদন এবং মনোনয়ন;
 - মানদণ্ড ও কার্যসম্পাদনা (যেমন প্রতিবেদনপত্রের প্রমিত ভাষা);
 - আচরণ, নিরাপত্তা এবং শৃঙ্খলা;
 - বিশেষ শিক্ষা ও সংশ্লিষ্ট পরিষেবা; এবং
 - বদলি এবং অব্যাহতি।
 - অনুবাদ এবং দোভাষ ইউনিট (a) এর সব গুরুত্বপূর্ণ নথিসমূহ যথাসময়ে প্রত্যেকটি অন্তর্ভুক্ত ভাষায় অনুবাদ করবে এবং (b) সেসব অফিস এইসব গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তিগুলোর সাথে সংশ্লিষ্ট আছে, তাদের সাথে কাজ করে স্কুলে সরবরাহ করবে।
- B. শিক্ষার্থী-বিশেষের গুরুত্বপূর্ণ নথি
- অন্তর্ভুক্ত ভাষায় কথা বলেন এমন পিতামাতাদের স্কুল নিচে উল্লিখিত শিক্ষার্থীর ব্যক্তিগত নির্দিষ্ট গুরুত্বপূর্ণ তথ্যসম্বলিত নথি অনুবাদ করে দেবে, তবে তা কেবল এর মধ্যেই সীমাবদ্ধ থাকবে না, :
 - স্বাস্থ্য;
 - নিরাপত্তা;
 - আইনি অথবা নিয়মানুবর্তীতার বিষয়;



চ্যানেলের প্রবিধান

ক্যাটেগরী:	<u>শিক্ষার্থী</u>	নম্বর:	A-663
বিষয়:	<u>অনুবাদ</u>	পৃষ্ঠা:	৪ এর ৩
		ইস্যুর তারিখ:	11/2/07

- d. সরকারি শিক্ষা লাভের অথবা কোনো বিশেষ শিক্ষা, ইংরেজি ভাষা শিক্ষার্থী অথবা কোনো অ-প্রমিত মানসম্পন্ন অ্যাকাডেমিক কর্মসূচিতে যোগদানের অধিকার;

C. অনুবাদের বিকল্প

যখন অনুবাদ এবং দোভাষ ইউনিট, স্কুল অথবা অফিস অন্তর্ভুক্ত ভাষার এক বা একাধিক ভাষায় সাময়িকভাবে প্রয়োজনীয় অনুবাদ সরবরাহ করতে সক্ষম না হবে, তখন তাকে অবশ্যই অন্যকোন সহায়তাসহ, ইংরেজি নথির সাথে, অন্তর্ভুক্ত ভাষায় একটি প্রাসঙ্গিক পত্র অথবা নোটিশ দেয়া হবে যাতে পিতামাতা কীভাবে ঐ নথির ফ্রি অনুবাদ অথবা দোভাষী সংস্করণ পাওয়া যায় সে-সম্পর্কিত নির্দেশ পাবেন।

VI. দোভাষ পরিষেবা

- A. ডিপার্টমেন্ট এইসব পরিষেবার জন্য বরাদ্দ বাজেট অনুযায়ী সর্বোচ্চ সম্ভব দোভাষ পরিষেবা, নিয়মিত কাজের সময়ে, যেসব পিতামাতার প্রাথমিক ভাষা অন্তর্ভুক্ত ভাষার অন্তর্গত এবং যারা তাদের সন্তানের শিক্ষার গুরুত্বপূর্ণ তথ্য জানতে ডিপার্টমেন্টের সাথে যোগাযোগের জন্য এই পরিষেবার অনুরোধ রাখবে, তাদেরকে প্রদান করা হবে।
- B. প্রাপ্যতা সাপেক্ষে, এ ধরনের পরিষেবা পিতামাতা যে স্থানে যোগাযোগের প্রয়োজন বোধ করেন সেখানে, না হয় টেলিফোনের মাধ্যমে প্রদান করা যেতে পারে।
- C. ডিপার্টমেন্টের অনুবাদ ও দোভাষ ইউনিট নিচে উল্লিখিত শহরব্যাপী সভাগুলিতে দোভাষ পরিষেবা প্রদান করবে:
1. শিক্ষানীতি সংক্রান্ত প্যানেলের সভা;
 2. সিটিব্যাপী ইংরেজিভাষা শিক্ষার্থীদের (ELL) পিতামাতাদের সভা;
 3. সিটিব্যাপী/কমিউনিটি এডুকেশন কাউন্সিলের সভা;
 4. কেন্দ্রীয় অফিস আয়োজিত অন্যান্য সিটিব্যাপী পিতামাতাদের সভা।
- কোন সভা অথবা অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা অন্তর্ভুক্ত যে ভাষায়(সমূহে) প্রাথমিকভাবে কথা বলবেন বলে ডিপার্টমেন্ট প্রত্যাশা করেন, সে ভাষায় এ ধরনের দোভাষ পরিষেবা প্রদান করা হবে।

VII. বিজ্ঞপ্তির শর্তাবলি

- A. স্কুল এবং অফিস প্রত্যেক পিতামাতা যিনি অন্তর্ভুক্ত ভাষার যেকোন একটিকে প্রাথমিক ভাষা হিসেবে ব্যবহার করেন ও যার পিতামাতার অধিকার এবং দায়িত্বের সনদের অনুলিপি, যাতে তার অনুবাদ ও দোভাষ পরিষেবা পাবার অধিকারের কথা বলা আছে, সম্পর্কিত ভাষা সহায়তার প্রয়োজন আছে তাকে সেই পরিষেবা দেয়ার দায়িত্ব। অন্তর্ভুক্ত ভাষায় এই সমস্ত অনুবাদকৃত নথি নিচের ওয়েবসাইটে পাওয়া যাবে <http://schools.nyc.gov/Parents/NewsInformation/BillofRights.htm> ।
- B. স্কুল এবং অফিস অবশ্যই দোভাষী সুবিধার প্রাপ্যতা সম্পর্কিত বিজ্ঞপ্তি প্রত্যেকটি অন্তর্ভুক্ত ভাষায় অথবা প্রধান অন্তর্ভুক্ত ভাষায়, দৃষ্টি গোচর হয় এমন স্থানে অথবা স্কুলের প্রধান প্রবেশপথে রাখবে। অন্তর্ভুক্ত ভাষায় অনূদিত বিজ্ঞপ্তি নিচের ওয়েবসাইটে তিকানায় পাওয়া যাবে <http://schools.nyc.gov/Offices/Translation/TipsandResources/Default.htm> ।
- C. প্রত্যেকটি স্কুলের সুরক্ষা পরিকল্পনায় এমন প্রক্রিয়া থাকবে যাতে ভাষা সহায়তার প্রয়োজন আছে সেই রকম পিতামাতারা শুধুমাত্র ভাষা-প্রতিবন্ধিতার কারণে স্কুলের প্রশাসনিক অফিস পর্যন্ত পৌঁছতে বাধাপ্রাপ্ত না হন।
- D. প্রত্যেকটি স্কুল যেখানে ১০% শিক্ষার্থীর অধিক পিতামাতা ইংরেজি বা অন্তর্ভুক্ত আটটি ভাষার কোনটিতে কথা বলেন না তারা ডিপার্টমেন্টের অনুবাদ ও দোভাষ ইউনিটের কাছ থেকে এই ধারা অনুযায়ী ঐ ভাষায় বিজ্ঞপ্তি এবং ফরম পাবার অধিকার রাখেন এবং ইউনিট এই ধারা অনুযায়ী সেগুলো লাগারে এবং দেবে।



চ্যানেলরের প্রবিধান

ক্যাটেগরী:	<u>শিক্ষার্থী</u>	নম্বর:	A-663
বিষয়:	অনুবাদ	পৃষ্ঠা:	৪ এর ৪
		ইস্যুর তারিখ:	11/2/07

E. ডিপার্টমেন্টের ওয়েবসাইট পিতামাতার অনুবাদ এবং দোভাষ পরিষেবা লাভের অধিকার এবং কীভাবে সেগুলো পাওয়া যাবে সে-সম্পর্কিত তথ্য দেবে।

VIII. ভাষা পরিষেবা লাভের অনুরোধ প্রক্রিয়া

- A. এই প্রবিধানে অনুবাদ এবং দোভাষ পরিষেবা লাভের যেসব শর্ত নির্ধারণ করা হয়েছে সেগুলো পূরণের জন্য স্কুল এবং ডিওই অনুবাদ এবং দোভাষ ইউনিটের ওয়েবসাইটে বর্ণিত পদ্ধতির রূপরেখা অনুসরণ করবে।
- B. কীভাবে ভাষা সহায়তা লাভ করা সম্ভব, এ সম্পর্কে যেসব পিতামাতা জানতে আগ্রহী, তাদেরকে তাদের স্থানীয় স্কুলের অফিসে যোগাযোগ করতে হবে।
- C. কীভাবে দোভাষ ও অনুবাদ পরিষেবা লাভ করা সম্ভব, এ সম্পর্কিত প্রশ্ন অনুবাদ ও দোভাষ ইউনিট বরাবর করতে হবে।

IX. প্রতিবেদনের শর্তাবলি

অনুবাদ ও দোভাষ ইউনিট যেসব ভাষায় সহায়তা দেয়, সে সম্পর্কিত নিচে উল্লিখিত রেকর্ড সংরক্ষণ করবে, তবে তা শুধু এগুলোর মধ্যেই সীমিত থাকবে না,:

- অন্তর্ভুক্ত ভাষাসমূহে কতগুলি নথি অনুবাদ করা হয়েছে এবং নথির সাধারণ বিষয়বস্তু;
- কত সংখ্যক সভায় দোভাষ পরিষেবা প্রদান করা হয়েছে এবং কোন্ কোন্ ভাষায় তা দেয়া হয়েছে;
- ভাষা সহায়তা পরিষেবা দেয়ার জন্য এর বার্ষিক বাজেট;
- ভাষা সহায়তা প্রদানের পূর্ণকালীন দায়িত্বে নিয়োজিত ডিপার্টমেন্ট কর্মচারি সংখ্যা; এবং
- ফোনে কতবার দোভাষ পরিষেবা দেয়া হয়েছে এবং কোন্ কোন্ ভাষায় তা দেয়া হয়েছে তার হিসেব।

X. অনুসন্ধান

এ ধরনের পরিষেবা প্রাপ্তির প্রক্রিয়া সম্পর্কে কোন প্রশ্ন থাকলে নিচের ঠিকানায় যোগাযোগ করতে হবে:

ফোন (718) 752-7373	<i>Translation and Interpretation Unit</i> NYC Department of Education 45-18 Court Square- 2 nd Floor Long Island City, New York 11101 ই-মেল: Translations@schools.nyc.gov http://schools.nyc.gov/Offices/Translation	ফ্যাক্স (718) 752-7390
-----------------------	--	---------------------------